# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬১২

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১৯. কি পরিমাণ সদাকাতুল ফিত্‌র দিতে হবে তার বর্ণনা।

باب كَمْ يُؤَدَّى فِي صَدَقَةِ الْفِطْرِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ السَّكَنِ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَهْضَمٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنْ عُمَرَ بْنِ نَافِعٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، قَالَ فَرَضَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم زَكَاةَ الْفِطْرِ صَاعًا فَذَكَرَ بِمَعْنَى مَالِكٍ زَادَ وَالصَّغِيرِ وَالْكَبِيرِ وَأَمَرَ بِهَا أَنْ تُؤَدَّى قَبْلَ خُرُوجِ النَّاسِ إِلَى الصَّلاَةِ ‏.‏ قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ عَبْدُ اللَّهِ الْعُمَرِيُّ عَنْ نَافِعٍ بِإِسْنَادِهِ قَالَ عَلَى كُلِّ مُسْلِمٍ وَرَوَاهُ سَعِيدٌ الْجُمَحِيُّ عَنْ عُبَيْدِ اللَّهِ عَنْ نَافِعٍ قَالَ فِيهِ مِنَ الْمُسْلِمِينَ وَالْمَشْهُورُ عَنْ عُبَيْدِ اللَّهِ لَيْسَ فِيهِ مِنَ الْمُسْلِمِينَ ‏.‏

বাংলা

১৬১২. ইয়াহ্‌ইয়া ইব্‌ন মুহাম্মাদ (রহঃ) ..... আব্দুল্লাহ্‌ ইব্‌ন উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম সদাকাতুল ফিত্‌র (মাথাপিছু) এক সা’ নির্ধারণ করেছেন ... (আমর ইব্‌ন নাফে) মালিক বর্ণিত হাদীসের অনুরূপ। তবে এই বর্ণনায় আরও আছেঃ “ছোট এবং বড় সকলের পক্ষ থেকে। আর তিনি তা ঈদুল ফিতরের নামাযের জন্য লোকদের বের হওয়ার পূর্বে আদায় করার নির্দেশ দিয়েছেন। (বুখারী, মুসলিম, নাসাঈ)।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, আব্দুল্লাহ্‌ আল-উমারী (রহঃ) নাফে হতে এ হাদীস বর্ণনা করেছেন। তাতে “প্রত্যেক মুসলিমের উপর নির্ধারিত” কথা আছে। সাঈদ আল্‌-জুমাহী, উবায়দুল্লাহ্‌ হতে, তিনি নাফে হতে বর্ণনা করেছেন, তাতে “মুসলমাদের থেকে” কথাটি আছে। তবে রাবী উবায়দুল্লাহ্‌ হতে বর্ণিত প্রসিদ্ধ বর্ণনায় (مِنَ الْمُسْلِمِينَ) (মুসলিমদের থেকে) কথাটি নাই।

## English

Abd’ Allah b. Umar said :

The Messenger of Allah(ﷺ)prescribed the sadaqah at the end of Ramadan one sa’. The narrator then transmitted the tradition like the one narrated by Malik. This version adds : “Young and old. He gave command that this should be paid before the people went out to prayers.”

Abu Dawud said : ‘Abd Allah al-‘Umari narrated it from Nafi’ through his chain : “on every Muslim.” The version of Sa’id al-Jumahi has : “Among the Muslims.” The well-known version transmitted by ‘Ubaid Allah does not mention the words “among the Muslims”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=33695

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন